



## বাড়ার কমিশনার গলিতে দূর্বৃত্তদের গুলিতে এক শ্রমজীবী নিহত



সংগৃহীত ছবি

রাজধানীর বাড়া এলাকার কমিশনার গলিতে বুধবার ভোরে গুলিতে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। নিহত ব্যক্তি মামুন শিকদার (৩৯)। পুলিশ দুপুরে তার মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠিয়েছে।

মামুন শিকদারের বাড়ি পটুয়াখালীর দুমকি থানার আলগি গ্রামে। বাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, “এখন পর্যন্ত হামলাকারীদের পরিচয় পাওয়া যায়নি। ঘটনাস্থলেই তিনি মারা যান। নিহত ব্যক্তি একজন সাধারণ শ্রমিক ছিলেন।”

ওসি আরও জানান, এ ঘটনায় বিভিন্ন টিম দ্রুত অভিযানে রয়েছে। মামুন ওই বাসায় স্থায়ীভাবে থাকতেন না। হত্যাকাণ্ডটি মধ্য বাড়ার কমিশনার গলির একটি মেসের নিচতলায় সংঘটিত হয়েছে। পুলিশ ময়নাতদন্তের ফলাফল এবং ঘটনার বিস্তারিত জানাবে।

LENS ASIA